দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 DEC 2017
পৃষ্ঠা ৩ কলাম ৬

# বিভিন্ন প্রতিষ্ঠানের বিজয় দিবস পালন

হয়। অপরাহ্নে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

**জাতীয় বিশ্ববিদ্যালয়** ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদের নেতৃত্বে প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, প্রফেসর ড. মোঃ মশিউর রহমান, ট্রেজারার প্রফেসর মোঃ নোমান উর রশীদ, বিভাগীয় প্রধানসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ শনিবার জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন।

**ট্রাস্ট স্কুল এ্যান্ড কলেজ** । ঢাকার উত্তরার ট্রাস্ট স্কুল এ্যান্ড কলেজে যথাযোগ্য মর্যাদায় শনিবার পালিত হয় মহান বিজয় দিবস। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হয় মহান বিজয় দিবস উদ্‌যাপনের কার্যক্রম। ৪৭তম এই বিজয় দিবস উদ্‌যাপনের জন্য আয়োজন করা হয় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের।

কোরান তেলাওয়াত ও জাতীয় সঙ্গীত পরিবেশনার মধ্য দিয়ে শুরু হয় বিজয় দিবসের অনুষ্ঠান। ট্রাস্ট স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ বশির আহাম্মেদ ভূঁইয়ার সভাপতিত্বে আলোচনায় অংশগ্রহণ করেন স্কুল-কলেজের ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। অনুষ্ঠানে মুক্তযুদ্ধভিত্তিক গান, নৃত্য ও কবিতা আবৃত্তি পরিবেশনায় অংশগ্রহণ করে ট্রাস্ট স্কুল এ্যান্ড কলেজের ছাত্রছাত্রীবৃন্দ।

**বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন** ॥ ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্তীর নেতৃত্বে কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সাভার জাতীয় স্মৃতিসৌধ এবং ধানমন্ডির ৩২ নম্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে স্বাধীনতা যুদ্ধের সকল বীর মুক্তিযোদ্ধা ও শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

**রূপালী ব্যাংক** ॥ ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে রূপালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোঃ আতাউর রহমান প্রধানের নেতৃত্বে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক হাসনে আলম, মোরশেদ আলম খন্দকার, মহাব্যবস্থাপক মোঃ কাইসুল হক, এবনুজ জাহান, আলতাফ হোসেন, মোঃ মাঈন উদ্দিন, অরুণ কান্তি পাল, মামুনুর রশীদসহ ব্যাংকের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারী। এছাড়াও ব্যাংকের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

**জনতা ব্যাংক** ॥ বিজয় দিবস উপলক্ষে জনতা ব্যাংক লিমিটেডের সিইও এ্যান্ড এমডি মোঃ আব্দুছ ছালাম আজাদের নেতৃত্বে শনিবার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানানো হয়। এ সময় ব্যাংকের ডিএমডি মোঃ হেলাল উদ্দিন, ড. মোঃ ফরজ আলী এবং মোঃ ইসমাইল হোসেন, মহাব্যবস্থাপকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী, অফিসার সমিতি এবং সিবিএ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
-বিজ্ঞপ্তি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
তারিখ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর